# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

**ডিওএস সার্কুলার লেটার নং-৪৭**

১৫ কার্তিক ১৪২৮
তারিখঃ ------------------
৩১ অক্টোবর ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**জাতীয় সংসদের ৬৭ সিরাজগঞ্জ-৬ শূন্য আসন, ০৯টি পৌরসভা এবং ০৪টি ইউনিয়ন পরিষদের নির্বাচন উপলক্ষ্যে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় ভোটকেন্দ্র হিসাবে ব্যবহর্তব্য স্থাপনায় অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা বন্ধ রাখা এবং ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

জনপ্রশাসন মন্ত্রণালয়-এর ২৮ অক্টোবর ২০২১ তারিখের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.২১-২০৪-এ বর্ণিত (প্রজ্ঞাপন সংযুক্ত) জাতীয় সংসদের ৬৭ সিরাজগঞ্জ-৬ শূন্য আসন, ০৯টি পৌরসভা এবং ০৪টি ইউনিয়ন পরিষদের নির্বাচন উপলক্ষ্যে ০২ নভেম্বর ২০২১ ভোট গ্রহণের দিন নির্বাচনী এলাকাধীন যে সকল স্থাপনা ভোটকেন্দ্র হিসেবে ব্যবহার বা নির্বাচনী কার্যক্রমের জন্য নির্ধারণ করা হয়েছে সে সকল স্থাপনায় ব্যাংকের কোন শাখা/উপশাখা থাকলে তা বন্ধ রাখাসহ সংশ্লিষ্ট নির্বাচনী এলাকাধীন আপনাদের ব্যাংকের শাখা/উপশাখাসমূহে কর্মরত ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দানের জন্য পরামর্শ দেয়া হলো।

সংযুক্তিঃ (বর্ণনা মোতাবেক)

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০০৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর - ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.২১-২০৪ তারিখ: ১২ কার্তিক ১৪২৮ / ২৮ অক্টোবর ২০২১

# প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক জাতীয় সংসদের ৬৭ সিরাজগঞ্জ-৬ শূন্য আসন, ৭ম ধাপে ০৯টি পৌরসভা এবং ১ম ধাপের ৪টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষ্যে ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী **০২ নভেম্বর ২০২১ তারিখ মঙ্গলবার** সাধারণ ছুটি ব্যতীত নির্বাচনী এলাকাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ও স্থাপনা ভোটকেন্দ্র হিসেবে ব্যবহার বা নির্বাচনী কার্যক্রমের জন্য নির্ধারণ করা হয়েছে, সেগুলো বন্ধ ঘোষণা করা হলো। তাছাড়া সংশ্লিষ্ট নির্বাচনী এলাকাধীন স্বাস্থ্যসেবা ও শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল অফিস/সংস্থা/প্রতিষ্ঠানে কর্মরত ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

**(ক) জাতীয় সংসদ নির্বাচনের বিবরণ:**

জাতীয় সংসদের ৬৭ সিরাজগঞ্জ-৬ শূন্য আসন

**(খ) ৭ম ধাপে অনুষ্ঠিতব্য ১০টি পৌরসভা নির্বাচনের বিবরণ:**

| ক্রঃ নং | জেলা | উপজেলা | পৌরসভার নাম |
|---|---|---|---|
| ১. | নরসিংদী | পলাশ | ঘোড়াশাল |
| ২. | ব্রাক্ষনবাড়িয়া | কসবা | কসবা |
| ৩. | ফেনী | ছাগলনাইয়া | ছাগলনাইয়া |
| ৪. | খাগড়াছড়ি | রামগড় | রামগড় |
| ৫. | বগুড়া | সোনাতলা | সোনাতলা |
| ৬. | দিনাজপুর | ঘোড়াঘাট | ঘোড়াঘাট |
| ৭. | নীলফামারী | ডোমার | ডোমার |
| ৮. | নড়াইল | লোহাগড়া | লোহাগড়া |
| ৯. | কিশোরগঞ্জ | পাকুন্দিয়া | পাকুন্দিয়া |

**(গ) ১ম ধাপে অনুষ্ঠিতব্য ০৪টি ইউনিয়ন পরিষদের নির্বাচনের বিবরণ:**

| ক্রঃ নং | জেলা | উপজেলা | ইউনিয়ন |
|---|---|---|---|
| ১. | খুলনা | পাইকগাছা | হরিঢালী |
| ২. | বাগেরহাট | মোড়েলগঞ্জ | খাউলিয়া |
| | | রামপাল | রাজনগর |
| ৩. | সুনামগঞ্জ | ছাতক | ভাতগাঁও |

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

২৮.১০.২০২১

(মো: মশিউর রহমান তালুকদার)
উপসচিব
ফোন: ০২-৯৫১৪৪৯২
ই-মেইল: reg4@mopa.gov.bd

**অপর পৃষ্ঠা দ্রষ্টব্য**

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.২১-২০৪/১(১০০) তারিখ: ১২ কার্তিক ১৪২৮ / ২৮ অক্টোবর ২০২১

**অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪) সিনিয়র সচিব/সচিব,---------------------------------------- বিভাগ/মন্ত্রণালয়, (নির্বাচন কমিশন সচিবালয়সহ সকল) (তাঁর অধীন অফিস ও সংস্থাসমূহের সকলকে অবহিত করার অনুরোধসহ)
৫) পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
৭) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/ময়মনসিংহ/সিলেট।
৮) প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ................., ................**(সংশ্লিষ্ট সকল)**।
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১) সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২) উপজেলা নির্বাহী অফিসার, ................., ................**(সংশ্লিষ্ট সকল)**।
১৩) উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।

(মো: মশিউর রহমান তালুকদার)
উপসচিব
ই-মেইল: reg4@mopa.gov.bd